



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

সমৃদ্ধ দেশ গড়তে প্রশিক্ষিত জনগোষ্ঠীর বিকল্প নেই

-চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্মকমিশন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ সেপ্টেম্বর ২০২১খ্রিঃ

প্রশিক্ষণের কোন বিকল্প নেই। একজন মানুষকে বহুগুণে গুণায়িত হতে হলে জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রশিক্ষণের প্রয়োজন। উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে সবাইকে একযোগে কাজ করতে হবে। কেননা সমৃদ্ধ দেশ গড়তে প্রশিক্ষিত জনগোষ্ঠীর বিকল্প নেই। এক্ষেত্রে শিক্ষকরাই হচ্ছেন পথ প্রদর্শক। তাঁরা হচ্ছেন মানুষ গড়ার কারিগর। সকলের সম্মিলিত প্রয়াসেই গড়ে উঠবে সুখী, সমৃদ্ধ ও উন্নত বাংলাদেশ, যার স্বপ্ন দেখেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর সেই স্বপ্ন বাস্তবায়নে সবাইকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কাজ করে যেতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে ২দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন কালে একথাগুলো বলেন বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি) এর চেয়ারম্যান মোঃ সোহরাব হোসাইন। ০৮ সেপ্টেম্বর সকাল ১০ টায় অনলাইনে সংযুক্ত হয়ে তিনি “Traning on Good Governance, Office & Financial Management” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। উদ্বোধনী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন। অনলাইনে আয়োজিত প্রশিক্ষণ কর্মশালাটি পরিচালনা করেন বাংলাদেশ লোকপ্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের মেম্বর ডিরেক্টিং স্টাফ (প্রজেক্ট) জনাব সৈয়দ মিজানুর রহমান, এনডিসি। ২দিনব্যাপী আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার প্রথম দিনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় চেয়ারম্যান, প্রভোস্ট ও দপ্তরপ্রধান কর্মশালায় অংশগ্রহণ করেন। ৯ সেপ্টেম্বর কর্মশালার দ্বিতীয় দিনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ প্রশিক্ষণ গ্রহণ করবেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস